

# ডায়াবেটিক এসোসিয়েশন মেডিকেল কলেজ, ফরিদপুর

ফরিদপুর ডায়াবেটিক সমিতির একটি প্রতিষ্ঠান

## করোনা (কোভিড-১৯) মহামারী চলাকালীন কর্মকর্তা-কর্মচারীদের জন্য নির্দেশাবলী

### আগমন

- (ক) অফিস বিল্ডিংয়ে প্রবেশ করার পূর্বে তাপমাত্রা পর্যবেক্ষণ করাতে হবে। কেবলমাত্র সাধারণ তাপমাত্রায়ুক্ত (সর্বোচ্চ ৩৭° সেলসিয়াস বা ৯৮.৬° ফারেনহাইট) ও মাস্ক পরিহিত ব্যক্তির প্রবেশ করতে পারবেন। কর্মক্ষেত্রে আগমনের পর অধ্যক্ষের পিএ কে ইন্টারকম (২৯২) হাজিরা জানিয়ে দিতে হবে। শিক্ষকগণ স্বহস্তে হাজিরা প্রদান করবেন।
- (খ) অধিক তাপমাত্রায়ুক্ত ব্যক্তি বা করোনা লক্ষণযুক্ত ব্যক্তি অত্র মেডিকেল কলেজ হাসপাতালের নির্দিষ্ট স্থানে করোনা টেস্টের জন্য নমুনা প্রদান করবেন ও নিজ গৃহে অবস্থান করবেন। হাজিরা সমস্যা এড়াতে সঙ্গে সঙ্গে ফোনে (০৬৩১-৬১৪৮৮) বা মোবাইলে (০১৭১৫-৪৯৬২৩৯) অধ্যক্ষের পিএ কে অবগত করাবেন। নিয়মিত সরকারি নির্দেশনা মোতাবেক ও অত্র হাসপাতালের মাধ্যমে চিকিৎসা চালিয়ে যাবেন। পূর্ণ সুস্থতা অর্জন করে নমুনা পরীক্ষায় নেগেটিভ হলে কর্মস্থলে যোগ দিবেন।


### অফিসে অবস্থান

- (ক) অতীব জরুরী প্রয়োজন ব্যতীত কেহ অন্য কক্ষ বা দপ্তরে গমন করবেন না।
- (খ) নিজ দায়িত্বে স্ব স্ব দপ্তরে বা ফ্লোরে সাবান/হ্যান্ড সেনিটাইজার ব্যবহারের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
- (গ) নিয়মিত জীবানুনাশক দ্রবণ (২০ লিটার পানি+১ টেবিল চামচ ব্লিচিং পাউডার) দিয়ে আসবাবপত্র, ফ্লোর, যন্ত্রপাতি ভালমতো পরিষ্কার ও জীবানুমুক্ত করতে হবে।
- (ঘ) নিয়মিত মাস্ক ব্যবহার করুন, সামাজিক দূরত্ব বজায় রেখে চলুন এবং হাঁচি, কাশির সময় টিস্যু বা কনুইয়ের ভাঁজে মুখ ও নাক ঢাকুন।

### কর্মস্থল ত্যাগ

- (ক) যে কোন সময়ে এমনকি ছুটিতে থাকলেও অধ্যক্ষের অনুমতি ব্যতীত ফরিদপুর জেলা (কর্মস্থল) ত্যাগ করা যাবে না।
- (খ) এক্ষেত্রে কর্মস্থল ত্যাগের অনুমতি গ্রহণ করত: উহা অধ্যক্ষের পিএ- এর নিকট নিবন্ধিত করতে হবে।
- (গ) অন্য জেলা হতে ফিরে হোম কোয়ারান্টাইন নিশ্চিত করতে হবে এবং অধ্যক্ষের পিএ কে ফোনে জানাতে হবে এবং নির্দিষ্ট সময়ে বিধিমাতে অফিসে যোগদান করতে হবে।
- (ঘ) সরকারের নির্দেশনা মোতাবেক ঈদের সরকারি বা ঐচ্ছিক ছুটিতে আবশ্যিকভাবে কর্মস্থলে অবস্থান করতে হবে।

এই সকল বিষয় কর্মকর্তা-কর্মচারীদের হাজিরা ও স্বাস্থ্য বিষয়ক রেজিস্ট্রারে অধ্যক্ষের পিএ এর মাধ্যমে অত্র দপ্তরে নথিভুক্ত করা হবে। সর্বোপরি স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রকাশিত “কোভিড-১৯ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ সংক্রান্ত কারিগরি নির্দেশনা” সহ সরকার কর্তৃক সময়ে সময়ে ঘোষিত পদক্ষেপগুলো অবশ্যই যথাযথভাবে মেনে চলতে হবে।



(অধ্যাপক ডাঃ মোঃ জাহিরুল ইসলাম মিয়া)

অধ্যক্ষ